ভোরের কাগজ ৫৩১
তারিখ MAR. 6 1999
পৃষ্ঠা: ১২ কলাম: ৩

কাল প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন

# শামীম সিকদার বললেন 'ভাস্কর্যটি' আগে উদ্বোধন হয়নি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ভাস্কর শামীম সিকদার বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্মীয়মাণ ভাস্কর্যটি ইতিপূর্বে উদ্বোধন করা হয়নি। ভাস্কর্যটি অর্ধেকের মতো নির্মিত হওয়ার পর তৎকালীন সরকারের চাপে একটি ঘরোয়া অনুষ্ঠান করা হয়েছিল মাত্র। গতকাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন।

এদিকে প্রয়াত অধ্যাপক আহমেদ শরীফ প্রতিষ্ঠিত সংগঠন 'স্বদেশ চিন্তা সংঘ' আহমেদ শরীফের উদ্বোধন করা ভাস্কর্যটি আবার উদ্বোধন করা হচ্ছে বলে দাবি করে এক বিজ্ঞপ্তিতে এর নিন্দা জানিয়েছে।

আগামীকাল রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'স্বাধীনতার সংগ্রাম' ভাস্কর্যটি উদ্বোধন করবেন।

উপাচার্যের বাসভবনে গতকাল শুক্রবার আয়োজিত সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন- উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, কোষাধ্যক্ষ অধ্যাপক শামসুল হক, প্রক্টর অধ্যাপক এ কে এম নুরউননবী ও ভাস্কর অধ্যাপক শামীম সিকদার।

সংবাদ সম্মেলনে ভাস্কর শামীম সিকদার বলেন, এ ভাস্কর্যে '৫২-এর ২১ ফেব্রুয়ারি থেকে '৭৫-এর ১৫ আগস্ট পর্যন্ত সকল ইতিহাস বিধৃত করা হয়েছে। বর্তমানে এটা একটি পরিপূর্ণ ভাস্কর্য। তিনি বলেন, এটা বর্ধিত করে শিশু রাসেলের প্রতিকৃতি সংযোজন এবং 'একুশে ভাস্কর্য' নাম পরিবর্তন করে 'স্বাধীনতার সংগ্রাম' রাখা তার পরিকল্পনার মধ্যেই ছিল।

এদিকে এক বিজ্ঞপ্তিতে স্বদেশ চিন্তা সংঘ জানিয়েছে একুশে ফেব্রুয়ারি আন্দোলনের স্মারক শিল্প কর্মটিকে পরিবর্তনের পদক্ষেপ দীন মানসিকতার পরিচয় বহন করে।

# প্রধানমন্ত্রীর ঢা. বি'তে আসার প্রতিবাদে ছাত্রদলের কর্মসূচি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রধানমন্ত্রীর আগমনের বিরোধিতা করেছে। তারা প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদে কালো পতাকা প্রদর্শন ও বিক্ষোভ সমাবেশের ঘোষণা দিয়েছে।

গতকাল বিকালে মধুর কেন্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে ছাত্রদল এ ঘোষণা দেয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন মুন্সী বজলুল বাসিত আঞ্জু, এ বি এম মোশারফ হোসেন, তারিকুল ইসলাম বনি, মনির হোসেন, এস এম নূরুজ্জামান, মোজাফফর হোসেন জাকির প্রমুখ।